জেলা পরিষদ কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
www.zpchapainawabganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪ ৪৬.৪৩.৭০০০.০০১.০২.০০৩.২০-

তারিখঃ ১০ মাঘ,১৪২৭বঙ্গাব্দ
২৪ জানুয়ারি,২০২১খ্রিঃ

## "দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২০-২০২১"

চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন ৬(ছয়)টি ফেরীঘাট বাংলা ১৪২৮ বঙ্গাব্দ সনের ১(এক) বছরের জন্য ইজারা বন্দোবস্ত দেওয়ার নিমিত্ত প্রকৃত ইজারাদার/ব্যবসা প্রতিষ্ঠান, সমবায় সমিতি ও অন্যান্য প্রতিষ্ঠান হতে ডাকে অংশ গ্রহণকারীর ছবি (এক কপি পাসপোর্ট সাইজ) এবং জাতীয় পরিচয়পত্রের (ফটো কপি) সহ মুখ বন্ধ গালা মোহর কৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দেয় দরের সমুদয় টাকা যে কোন তফশিল ব্যাংক চাঁপাইনবাবগঞ্জ হতে (এমআইসিআর) ডিডি আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। প্রথম দফায় যে সমস্ত ফেরীঘাটের জন্য প্রদত্ত দরপত্র গৃহীত হবে সেগুলি বাদে অবশিষ্ট ফেরীঘাটের দরপত্র পরবর্তী দফায় উল্লিখিত তারিখে বিক্রয় ও গ্রহন করা হবে।

দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদিঃ

| | | |
|---|---|---|
| দরপত্র প্রাপ্তির স্থান, তারিখ ও সময় | ১ম দফা | জেলা প্রশাসক কার্যালয়, জেলা পরিষদ কার্যালয়, ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ১৫/০২/২০২১খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| | ২য় দফা | জেলা প্রশাসক কার্যালয়, জেলা পরিষদ কার্যালয়, ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ০২/০৩/২০২১খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| | ৩য় দফা | জেলা প্রশাসক কার্যালয়, জেলা পরিষদ কার্যালয়, ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ২২/০৩/২০২১খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| দরপত্র দাখিলের স্থান, তারিখ ও সময় | ১ম দফা | জেলা প্রশাসক কার্যালয়, জেলা পরিষদ কার্যালয়, ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ১৬/০২/২০২১খ্রিঃ তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| | ২য় দফা | জেলা প্রশাসক কার্যালয়, জেলা পরিষদ কার্যালয়, ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ০৩/০৩/২০২১খ্রিঃ তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| | ৩য় দফা | জেলা প্রশাসক কার্যালয়, জেলা পরিষদ কার্যালয়, ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ ২৩/০৩/২০২১খ্রিঃ তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় | ১ম দফা | জেলা পরিষদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ১৬/০২/২০২১খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতা অথবা প্রতিনিধির (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। |
| | ২য় দফা | জেলা পরিষদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ. ০৩/০৩/২০২১খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতা অথবা প্রতিনিধির (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। |
| | ৩য় দফা | জেলা পরিষদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ. ২৩/০৩/২০২১খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতা অথবা প্রতিনিধির (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। |

ফেরী ঘাটের বিবরণঃ

| ক্রঃ নং | ফেরীঘাটের নাম | সিডিউলের মূল্য | সম্ভাব্য মূল্য |
|---|---|---|---|
| ১। | সুজনাপুর নবাবগঞ্জ, পেটাও গোয়ালবাড়ি ও আকন্দ বাড়িয়া ফেরী ঘাট | ৭৫০/= | ১৪,০৫,৪১০/= |
| ২। | তরতীপুর ফেরীঘাট | ৭৫০/= | ১১,৮৮,৭৩৩/= |
| ৩। | মল্লিকপুর পেটাও গোসাইবাড়ী ফেরীঘাট | ৭৫০/= | ১৩,১৬,১৫০/= |
| ৪। | পুখুরিয়া ফেরীঘাট | ২০০/= | ২৬,০৭০/= |
| ৫। | মকরমপুর ফেরীঘাট | ৩০০/= | ১,০৫,৯৬৬/= |
| ৬। | চরিমিজাপুর ফেরীঘাট | ৩০০/= | ২,৭৬,০০০/= |

স্বাক্ষরিত/=
(মোঃ এনামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন ঃ ০৭৮১-৫৫৫০১
E-mail : ceozpchapai@gmail.com

স্মারক নং ঃ৪৬.৪৩.৭০০০.০০১.০২.০০৩.২০২২/১(৫০)

তারিখঃ ২৪ /০১/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
৪। জেলা প্রশাসক, চাঁপাই নবাবগঞ্জ।
৫। পুলিশ সুপার, চাঁপাই নবাবগঞ্জ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ .................................. চাঁপাইনবাবগঞ্জ।
৭। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।
৮। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/ নাচোল/ গোমস্তাপুর / ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর/ শিবগঞ্জ/ নাচোল/ গোমস্তাপুর থানা, চাঁপাইনবাবগঞ্জ।
১০। চেয়ারম্যান,.............................ইউনিয়ন পরিষদ, উপজেলা.......................................জেলা-চাঁপাইনবাবগঞ্জ।
১১। জনাব মোঃ...............................................ইজারাদার (১৪২৭বঙ্গ),..........................................ফেরীঘাট।
১২। কম্পিউটার অপারেটর, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করার অনুরোধ করা হলো।
১৩। সম্পাদকঃ.................................................বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় /০২/২০২১খ্রিঃ তারিখের মধ্যে ভিতরের পাতায় অন্তু পরিসরে একদিনের জন্য প্রকাশ করে ০৫(পাঁচ) কপি পত্রিকা এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশ বোর্ড / সংশ্লিষ্টনথি।

২৪/১/২১
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।

# শর্তাবলী ঃ-

১। ইজারা কাল ১৪২৮ বাংলা সনের ১লা জ্যৈষ্ঠ হতে চৈত্র মাসের শেষ দিন পর্যন্ত।

২। সর্বোচ্চ দর দাতার দর গৃহীত হবে। তবে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা রাখেন।

৩। যার বা যাদের দরপত্র গৃহীত হবে তার/তাদের দরপত্র গ্রহনের ০৭(সাত) দিনের মধ্যে উক্ত মূল্যের ৫% আয়কর ও ১৫% হারে ভ্যাটের টাকা পরিশোধ করে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন করতে হবে। উক্ত চুক্তিপত্র সম্পাদনের পর পরই ঘাট হস্তান্তর করা হবে।

৪। অত্র কার্যালয়ে নির্ধারিত সময়ে ভ্যাট ও আয়কর পরিশোধ করতে ব্যর্থ হলে আমানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং জেলা পরিষদ উক্ত ঘাট আইনানুগ পদ্ধতিতে ইজারা প্রদান করতে পারবে।

৫। নির্ধারিত সময়ে ইজারার ভ্যাট, আয়কর ও চুক্তি পত্র সম্পাদনের ব্যর্থতায় ঘাট হস্তান্তরে বিলম্বের কারনে ক্ষয় ক্ষতির দায়িত্ব ইজারাদারকে বহন করতে হবে।

৬। ঘাট হস্তান্তর অনুমতি পত্র ছাড়া ইজারাদার ঘাটে প্রবেশ করতে পারবে না এবং টোল আদায় করতে পারবে না। অনুমতি পত্র ছাড়া ঘাটে প্রবেশ বা টোল আদায় করলে আইনত দন্ডনীয় হবে।

৭। সন্তোষজনক দর পাওয়া না গেলে দরপত্র আহবান করা হবে। সেই ক্ষেত্রে পরবর্তী দফার তারিখে দরপত্র দাখিল করা যাবে। তবে প্রথম দফায় সর্বোচ্চ দর দাতার দর ও বিডির অর্থ জমা রেখে দরপত্র দাখিল করতে হবে। ১ম দফায় দাখিলকৃত সর্বোচ্চ দরপত্র দাতা পরবর্তী দফায় দরপত্র আহবানে অংশ গ্রহন করলে পূর্বে দাখিলকৃত দরের চেয়ে বেশী দেয় দরের জন্য অতিরিক্ত বিডি দিতে হবে।

৮। নাবালক বা পাগল টেন্ডারে অংশ গ্রহন করতে পারবে না।

৯। ফেরী আইন অনুযায়ী বিনা মাশুলে যারা পারা পার হবার যোগ্য তাদের নিকট হতে কিংবা জেলা পরিষদের প্রচলিত কিংবা ভবিষ্যতে গঠিত আইন বা হুকুম নামা অনুসারে যারা বিনা মাশুলে পার হবার যোগ্য আছে বা হবেন তাদের নিকট হতে ইজারাদারগণ কোন মাশুল আদায় করতে পারবে না। স্কুলের ছাত্র বা ছাত্রীদের স্কুলে যাবার বা ফেরার সময় মাশুল লাগবে না।

১০। শর্তাবলী ও সিডিউলের প্রতি পাতায় দরপত্র দাতা দরপত্র দাখিলের তারিখ সহ সহি করবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। জেলা পরিষদের গুজার ঘাটের দরুন কাহারও নিকট পাওনা বাকী থাকলে এবং টেন্ডারের পূর্বে তা পরিশোধ না করলে তাকে টেন্ডারে অংশ গ্রহন করতে দেয়া হবে না।

১২। কবুলিয়ত বা ফেরী ঘাটের বিধি প্রশাসনিক অফিসে বিনা খরচায় দেখা যাবে। জেলা পরিষদ কর্তৃপক্ষ এর অনুমতি ব্যতিত বন্দোবস্তকারী কাহাকেও ইজারা বা সাব ইজারা দিতে পারবে না, ঘাটের স্থান পরিবর্তন করতে পারবে না।

১৩। ইজারাদারগণ তাদের নিজ নিজ ঘাটের উভয় পাড়ে মেরামত ও উপযুক্ত প্লাট ফরম অর্থাৎ নামা উঠার স্থান নিজ খরচায় বেঁধে দিতে এবং প্রয়োজন বোধে সরিয়ে দিতে বাধ্য থাকবে। প্রত্যেক ঘাটে অন্ততঃ পক্ষে ২টি বড় নৌকা ৪জন মাঝি, ও ৮টি ডিংগি নৌকা ও ১৬ জন মাঝি থাকবে। প্রতি ডিংগি নৌকা ১০ জন যাত্রী বাহী হবে।

১৪। ইজারাদারগণকে ফেরী ঘাটের উভয় পার্শ্বে মাশুল আদায়ের তালিকা প্রকাশ্য স্থানে টাঙিয়ে রাখতে এবং আরোহীদের বিশ্রামের উপযুক্ত স্থান প্রস্তুত রাখতে হবে। অন্যথায় ফৌজদারীতে সোপর্দ করতঃ ইজারা বাতিল করা হবে।

১৫। জেলা পরিষদ কর্তৃক সরবরাহ কৃত মাশুল আদায়ের চার্ট অনুযায়ী ইজারাদারগণ মাশুল আদায়ে বাধ্য থাকবে। কোন অবস্থাতে অতিরিক্ত মাশুল আদায় করা যাবে না।

১৬। নদীর পানি কমে গেলে যখন পারাপার সম্ভব হবে না তখন জেলা পরিষদের কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে ইজারাদারগণ নিজ নিজ ব্যয়ে ঘাটে সেতু নির্মান করে তার উপর দিয়ে পারাপারের মাশুল আদায় করতে পারবে।

১৭। দরপত্র অনুমোদিত হবার পর ইজারাদার কোন কারনে খাজনা কমানোর প্রার্থনা করলে তা কোন ক্রমেই মঞ্জুর করা যাবে না।

১৮। বিভিন্ন সময় সরকার কর্তৃক আইন ও বিধি দ্বারা নির্দ্ধারিত সকল প্রকারের কর পরিশোধ করতে হবে।

১৯। উপরোক্ত যেকোন শর্ত খেলাপ করলে বা পালন করতে গাফেলতি করলে ইজারা বন্দোবস্ত বাতিল করা হবে এবং ইজারাদারদের সাকুল্য টাকা বাজেয়াপ্ত করা হবে।

২৮.০২.২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।